



২০২০-২০২১ শিক্ষাবর্ষে বি.এ/বি.এস.সি. (অনার্স ও পাস) প্রথম সেমিস্টারে(CBCS) ভর্তির নিয়মকানুন

ভর্তির আবেদন বা ভর্তির জন্য কোনভাবেই কলেজ ক্যাম্পাসে ছাত্রছাত্রী বা অভিভাবক/অভিভাবিকার প্রবেশ বা যোগাযোগ কঠোরভাবে নিষিদ্ধ।

ফর্ম ফিলাপ করতে হবে অনলাইনে, **১০ই আগস্ট, দুপুর ১ টা থেকে ২৫শে আগস্ট, ২০২০ (দুপুর ২ টা) পর্যন্ত।**

- অনলাইন ফর্ম ফিলাপের পর একটি Application ID তৈরি হবে, যার দ্বারা ছাত্রছাত্রীরা ওয়েবসাইটে Login করতে পারবে (Password Date of Birth DD/MM/YYYY)
- অনলাইন ফর্ম ফিলাপ করার পর ফর্ম প্রিন্ট আউট নিতে হবে। (ফর্মের হার্ড কপি জমা নেওয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি পরে জানানো হবে)
- রেজিস্ট্রেশন ফিঃ অনার্স- প্রতি অনার্সের ক্ষেত্রে ৫০/-, পাস কোর্স ৫০/-
- রেজিস্ট্রেশন ফি কেবলমাত্র অনলাইনে(ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং) জমা করা যাবে।
- অনার্স ও পাসকোর্সের জন্য আলাদা রেজিস্ট্রেশন করতে হবে। একজন ছাত্র/ছাত্রী সর্বাধিক ৩ টি বিষয়ের জন্য অনার্সের ফর্ম ফিলাপ করতে পারবে। একটি ফর্মে সর্বাধিক তিনটি বিষয়ের জন্য আবেদন করা যাবে। (পাসকোর্সের যে সকল ছাত্রছাত্রীরা ভূগোল বা Physical Education কম্বিনেশন বিষয় হিসাবে নিতে চায়, ১)তাদেরকে পাসকোর্সে একটি আবেদন করতে হবে ভূগোল বা Physical Education বাদ দিয়ে, ২)পাশাপাশি ভূগোল বা Physical Education কম্বিনেশন নিয়ে আরেকটি আবেদন করতে হবে। আসন সংখ্যা সীমিত হওয়ার কারণে কোন আবেদনকারী ছাত্রছাত্রী ভূগোল বা Physical Education নিয়ে ভর্তি হতে না পারলে আগের আবেদন অনুযায়ী পাসকোর্সে ভর্তি হতে পারবে।)
- রেজিস্ট্রেশন ফি অনলাইনে(ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা নেট ব্যাঙ্কিং) জমা দেবার শেষ তারিখ ২৫.০৮.২০২০, রাত ১২ টার মধ্যে।
- রেজিস্ট্রেশন ফি জমা দেবার ২৪ ঘণ্টার মধ্যে ওয়েবসাইটে ফিস স্ট্যাটাস 'PAID' না দেখালে কলেজের হেল্পলাইনে ফোন বা হোয়াটসঅ্যাপ করে সত্বর জানাতে হবে। কোনভাবেই কলেজ অফিসে আসা যাবে না বা অফিসারের সাথে ব্যক্তিগত যোগাযোগ করা যাবে না। রেজিস্ট্রেশন ফি জমা দেওয়া সংক্রান্ত অভিযোগ জানানোর শেষ সময়সীমা আগামী ২৬.০৮.২০২০ সকাল ৯টা পর্যন্ত। কেবলমাত্র PAID স্ট্যাটাস এর আবেদনকারীদের নামই মেরিট লিস্টে থাকবে। প্রতিশনাল মেরিট লিস্ট প্রকাশিত হবে আগামী ২৬.০৮.২০২০ তারিখ, বেলা ১২ টায়। মনে রাখতে হবে প্রতিশনাল মেরিট লিস্ট কেবলমাত্র অনলাইনে করা আবেদনপত্রের লিস্ট।
- ফিস স্ট্যাটাস 'PAID' থাকা সত্ত্বেও প্রতিশনাল মেরিট লিস্টে নাম না থাকলে কলেজের হেল্পলাইনে ফোন করে বা হোয়াটসঅ্যাপ করে নিজের Application ID দিয়ে জানাতে হবে। ২৭.০৮.২০২০, বিকাল ৫টার পর এই ধরনের কোন যোগাযোগ গ্রহণযোগ্য হবে না। ফাইনাল মেরিট লিস্ট প্রকাশ হওয়ার পর কোন রকমের সংশোধন আবেদন গ্রাহ্য হবে না।
- ফাইনাল মেরিট লিস্ট (বিষয়ভিত্তিক/শ্রেণিভিত্তিক) প্রকাশিত হবে আগামী ২৮.০৮.২০২০ তারিখ, দুপুর ২টায়।
- ফাইনাল মেরিট লিস্টে (বিষয়ভিত্তিক/শ্রেণিভিত্তিক) থাকা ছাত্রছাত্রীরা অনলাইনে টাকা জমা করে প্রতিশনাল ভর্তি হয়ে যাবে। এক্ষেত্রে কলেজে আসতে হবে না বা কোনভাবেই কোন আধিকারিকের সাথে যোগাযোগের প্রয়োজন নেই। প্রতিশনাল ভর্তি নিশ্চিত হবার জন্য তাঁদের কাছে একটি কনফার্মেশন মেসেজ যাবে।
- ভর্তির পরে যেদিন তাঁদেরকে কলেজে প্রথম আসতে বলা হবে সেদিন সেইসকল ছাত্রছাত্রীদের ফর্মের হার্ড কপির সাথে সমস্ত Original Documents মিলিয়ে নিয়ে (সাথে এক কপি করে জেরক্স কপি জমা দিতে হবে) চূড়ান্ত ভর্তির সিলমোহর দেওয়া হবে। এক্ষেত্রে যদি মার্কস বা ক্যাটেগরি সংক্রান্ত বা অন্য কোন বিষয়ে তথ্য লুকনোর কোন অভিযোগ ধরা পড়ে, সেক্ষেত্রে তাঁর ভর্তি বাতিল বলে গণ্য করা হবে। ভর্তি বাতিলের সিদ্ধান্তে কলেজের অধ্যক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। সরকারী অধ্যাদেশ বলে সকল ক্ষেত্রেই ভর্তি বাতিলের সাথে রেজিস্ট্রেশন ফিস বা ভর্তিবাবদ প্রদেয় টাকা কোনভাবেই ফেরতযোগ্য নয়।
- অনার্সের জন্য আবেদন করার যোগ্যতার মাপকাঠিঃ
 - বেস্ট ফোর বিষয়ে ৫০% ও সংশ্লিষ্ট বিষয়ে ৪৫% অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৫৫%
 - তপশিলী জাতি/উপজাতিদের জন্যঃ বেস্ট ফোর বিষয়ে ৪০% অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪০%
 - (বিঃদ্রঃ ফুড অ্যান্ড নিউট্রিশন ও মাইক্রোবায়োলজি অনার্সের ক্ষেত্রে কেমিস্ট্রিতে পাস করতে হবে)
- সংরক্ষণঃ পশ্চিমবঙ্গ সরকারের নিয়মানুযায়ী।
- ভর্তি সংক্রান্ত সময়সূচী বিশেষ পরিস্থিতিতে (বিশ্ববিদ্যালয় / সরকারী আদেশনামা বা যান্ত্রিক ত্রুটি ইত্যাদি) পরিবর্তনযোগ্য।

কলেজের হেল্পলাইন/ হোয়াটসঅ্যাপ নাম্বারঃ ৯৭৩৫৩১০০০৮

Visit: www.raidighcollege.in